

৪ বছরের জন্য মনিকরজ্জামান মিয়া ভিসি নিযুক্ত

বাসস জানায়, বিশ্ববিদ্যালয় সমূহের চ্যান্সেলর প্রেসিডেন্ট এরশাদ গতকাল (বৃহস্পতিবার) অধ্যাপক মোহাম্মদ মনিকরজ্জামান মিয়াকে চার বছর মেয়াদের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর নিয়োগ করিয়াছেন।

আমাদের বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, ইহার আগে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বিশেষ অধিবেশনে ভিসি প্যানেল নির্বাচনে শিক্ষকদের 'সাদা' গ্রুপ জয়লাভ করে। নির্বাচনে সাদা গ্রুপের (শেষ পৃ: ৫-এর ক: ড:)

ভিসি নিযুক্ত

(১ম পৃ: পর)

সমর্থক বর্তমান ভিসি প্রফেসর ডঃ মনিকরজ্জামান মিয়া ৪৭ ভোট লাভ করিয়া প্রথম, প্রো-ভিসি প্রফেসর ডঃ এমাজ উদ্দিন আহমেদ ৩৬ ভোট পাইয়া দ্বিতীয় ও ইংরেজী বিভাগের প্রফেসর ডঃ সিরাজুল ইসলাম চৌধুরী ৩১ ভোট পাইয়া তৃতীয় হইয়াছেন। অপর দিকে নীল গ্রুপের প্রার্থী মুক্তিকা বিজ্ঞান বিভাগের প্রফেসর ডঃ আমিনুল ইসলাম ২৯ ভোট, ভূগোল বিভাগের প্রফেসর ডঃ এম আমিনুল ইসলাম ২৭ ভোট ও বাংলা বিভাগের প্রফেসর ডঃ মোহাম্মদ মনিকরজ্জামান ২৯ ভোট পাইয়াছেন। সিনেটে রেজিষ্টার্ড গ্রাজুয়েট কাটাগরি হইতে ২৫ জন সদস্যের পদ শূন্য থাকায় ৭৯ জন সদস্যের মধ্যে মোট ৭২ জন সদস্য গতকাল এই নির্বাচনে ভোট প্রদান করে। জানা যায়, সিনেট সদস্যদের রায়ে নির্বাচিত ৩ সদস্যের এই ভিসি প্যানেল চ্যান্সেলরের নিকট পাঠানো হইবে। চ্যান্সেলর এই প্যানেল হইতে একজনকে ৪ বছরের মেয়াদে নিয়মিত ভিসি পদে নিযুক্ত করিবেন। গতকালের এই অধিবেশনে ছাত্র নেতৃবৃন্দের প্রস্তাবের প্রেক্ষিতে ডাকসু নির্বাচনান্তর ছাত্রী মিছিলে হামলার ব্যাপারে নিন্দা প্রস্তাব গ্রহণ করা হয়।